

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | ٱلشُّعَرَاء

আয়াতঃ ২৬: ২০৮

💵 আরবি মূল আয়াত:

وَ مَا اَهلَكنَا مِن قَريَةٍ إِلَّا لَهَا مُنذِرُونَ ﴿٢٠٨﴾*

🗚 অনুবাদসমূহ:

আর আমি এমন কোন জনপদকে ধ্বংস করিনি, যাতে কোন সতর্ককারী আসেনি। — আল-বায়ান আমি এমন কোন জনপদ ধ্বংস করিনি যার জন্য কোন ভয় প্রদর্শনকারী ছিল না — তাইসিরুল আমি এমন কোন জনপদ ধ্বংস করিনি যার জন্য সতর্ককারী ছিলনা। — মুজিবুর রহমান

And We did not destroy any city except that it had warners — Sahih International

২০৮. আর আমরা এমন কোন জনপদ ধ্বংস করিনি। যার জন্য সতর্ককারী ছিল না(১);

(১) অর্থাৎ আমি কোন জনপদ ধ্বংস করে দেয়ার পূর্বে সতর্ককারী ছিল, তাদের স্মরণ করিয়ে দেয়ার জন্য। আমি যালেম নই। আল্লাহ তা'আলা বিনা অপরাধে কাউকে শাস্তি দেন না। সে জন্য তিনি যুগে যুগে সতর্ককারী নবী-রাসূল পাঠিয়েছেন। [দেখুন: মুয়াস্সার] অনুরূপ আয়াত আরো দেখুন: সূরা আল-ইসরাঃ ১৫, সূরা আল-কাসাসঃ ধি৯]

তাফসীরে জাকারিয়া

(২০৮) আমি কোন জনপদকে সতর্ককারী প্রেরণ না করে ধ্বংস করিনি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3140

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন